গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাঘা, রাজশাহী
www.bagha.rajshahi.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৮১১০.০০০.১১.০০২.২৬-৭৭৮ তারিখ: ২৮ আষাঢ় ১৪৩৩ / ১২ জুলাই ২০২৬

বিষয়ঃ সকল শিক্ষা প্রতিষ্ঠানের দর্শনীয় স্থানে Drop Down Banner প্রদর্শন ও উপজেলায় অনলাইন রেজিস্ট্রেশন বুথ স্থাপনের কার্যক্রমের সহযোগিতা ও সমন্বয় সংক্রান্ত।

সূত্রঃ ১. যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ক্রীড়া-২ শাখার ২৯/০৬/২০২৬ খ্রি. তারিখের ৩৪.০০.০০০০.০০০.০৮০.৯৯.০০১৬.২৬.২৬৮ নং স্মারক পত্র।

২. জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী (সাধারণ শাখার) ০৫/০৭/২০২৬ খ্রি. তারিখের ০৫.৪৩.৮১০০.০১৩.০৩.০০৭.২৬.২৫৯ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের ক্রীড়া উন্নয়নে সরকারের নির্বাচনী প্রতিশ্রুতির অংশ হিসাবে তৃণমূল পর্যায় থেকে ১২-১৪ বছর বয়সী শিশু-কিশোরদের মধ্য থেকে প্রতিভাবান খেলোয়াড় খুঁজে বের করে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে দক্ষ ক্রীড়াবিদ হিসাবে গড়ে তোলার লক্ষ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক 'নতুন কুঁড়ি স্পোর্টস' কর্মসূচি গ্রহণ করা হয়েছে। 'নতুন কুঁড়ি স্পোর্টস-২০২৬-২৭' এর আওতায় ১০টি ইভেন্টের প্রতিযোগিতা উপজেলা পর্যায়ে আগামী সেপ্টেম্বর ২০২৬ এ শুরু হবে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশন এর কার্যক্রম ০১ জুলাই ২০২৬ হতে ৩১ আগস্ট ২০২৬ পর্যন্ত চলমান থাকবে। এমতাবস্থায় 'নতুন কুঁড়ি স্পোর্টস-২০২৬-২৭' কর্মসূচিতে ১২-১৪ বছয় বয়সী শিশু-কিশোরদের স্বত:স্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিতকরণ ও ব্যাপক প্রচারণার উদ্দেশ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের দর্শনীয় স্থানে Drop Down Banner প্রদর্শন এর জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঘা, রাজশাহীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও উপজেলা যুব উন্নয়ন অফিসারের কার্যালয়ের সামনে উপজেলায় অনলাইন রেজিস্ট্রেশন বুথ স্থাপনে উপজেলা যুব উন্নয়ন অফিসার, বাঘা, রাজশাহীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

১২/০৭/২৬
শাম্মী আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
বাঘা, রাজশাহী
ফোন নং- ০২৫৮৮৮৭৯২৮৪
unobagha@mopa.gov.bd

১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঘা, রাজশাহী
২। উপজেলা যুব উন্নয়ন অফিসার, বাঘা, রাজশাহী

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১। মাননীয় সংসদ সদস্য, ৫৭ রাজশাহী-৬ (চারঘাট-বাঘা)।
২। জেলা প্রশাসক, রাজশাহী
৩। উপজেলা আইসিটি অফিসার, বাঘা, রাজশাহী (ওয়েব সাইটে প্রকাশের জন্য )
৪। অফিস কপি।